চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা কার্যালয়
চাঁপাইনবাবগঞ্জ।
www.chapaipoura.gov.bd

স্মারক নং- চাঁঃনঃপৌঃ/প্রশাঃবিঃ/বাঃশাঃ/২০২৫-১৮৫ তারিখঃ ২১/০৪/২০২৫ খ্রিঃ

# হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি-বাংলা ১৪৩২সন (২য় বার)

এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভাধীন নিম্নবর্ণিত হাট-বাজার দুটি বাংলা ১৪৩২ সনের ১ লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র পর্যন্ত এক বৎসর মেয়াদে (অবশিষ্ট সময়) অস্থায়ীভাবে ইজারা প্রদানের নিমিত্ত প্রকৃত হাট-বাজার ব্যবসায়ী/সর্বসাধারণের নিকট হতে সরকার কর্তৃক আরোপিত শর্ত সম্বলিত দরপত্র/সিডিউল ফরমে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে দরপত্রদাতাকে উদ্ধৃত মুল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ বাংলাদেশের যেকোন তফশীলভুক্ত ব্যাংক হতে প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার অনুকূলে ব্যাংক ড্রাফট আকারে দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা সংক্রান্ত বিস্তারিত তথ্য/শর্তাবলি বিক্রয়ের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌর বাজার শাখার দপ্তরে জানা যাবে। দরপত্র নিম্নবর্ণিত তারিখ বেলা ১:০০ ঘটিকা পর্যন্ত চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ, সহকারী কমিশনার (ভূমি), চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর এর রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং একইদিন বেলা ৩:০০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। দরপত্র সিডিউল নিম্নবর্ণিত তারিখ পর্যন্ত নির্ধারিত নগদ মূল্য (অফেরৎযোগ্য) পৌর বুথ (অগ্রণী ব্যাংক) এ জমা প্রদান করে জমা রশিদ দাখিল করে চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ সদর, সহকারী কমিশনার (ভূমি), সোনালী ব্যাংক, সদর শাখা ও সদর মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ হতে পাওয়া যাবে। অফিস চলাকালীন সময় (ব্যাংকিং সময়) দরপত্র ক্রয় করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। নিম্নবর্ণিত তফশীল মোতাবেক দরপত্র কার্যক্রম পরিচালনা করা হবে।

## তফশীল

| ক্রঃ নং | হাট-বাজারের নাম | সিডিউল মূল্য | সরকারি মূল্য | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত | দরপত্র দাখিল এর তারিখ সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১. | হরিপুর হাট | ২০০০ | ৬৬৪৯৯৩ | ১ম দফা- ১২/০৫/২০২৫<br>২য় দফা- ১৫/০৬/২০২৫<br>৩য় দফা- ০১/০৭/২০২৫<br>৪র্থ দফা- ২০/০৭/২০২৫<br>৫ম দফা- ১০/০৮/২০২৫ | ১ম দফা- ১৩/০৫/২০২৫<br>২য় দফা- ১৬/০৬/২০২৫<br>৩য় দফা- ০২/০৭/২০২৫<br>৪র্থ দফা- ২১/০৭/২০২৫<br>৫ম দফা- ১১/০৮/২০২৫ | উল্লেখিত তারিখ অনুযায়ী পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যহত থাকবে। কোন দরপত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হলে তার কার্যক্রম বন্ধ থাকবে। অন্যটি বলবৎ থাকবে। |
| ০২. | নবাবগঞ্জ তহাবাজার | ৪০৮০০ | ২০০৮০২৮৭ | | | |

## ঃ বিশেষ শর্তাবলী ঃ

০১. বাংলা ১৪৩২ সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ শে চৈত্র ১(এক) বছর মেয়াদকালের জন্য হাট বাজার ইজারা দেওয়া হবে। **উল্লেখ্য যে, বাংলা ১৪৩২ সনের যে দিন হতে ইজারা বন্দোবস্ত প্রদানের চুক্তি হবে সেদিন হতে হারাহারি ভাবে ইজারা লব্ধ অর্থ গ্রহন করা হবে।**

০২. দরপত্রদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) ব্যাংক ড্রাফট এর মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা ২৫% (শতকরা পঁচিশ ভাগ) অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% (শতকরা পাঁচ ভাগ) অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে।

০৩. হাট-বাজার ইজারা গ্রহীতাকে ইজারা প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর অতিরিক্ত ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার অনুকূলে জমাদানপূর্বক ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে কর্তৃপক্ষের সাথে শর্ত সম্বলিত ইজারা চুক্তিপত্র সম্পাদনপূর্বক হাট-বাজারের বাস্তব দখল হস্তান্তর করা হবে।

০৪. হাট-বাজার ইজারা গ্রহীতাকে ইজারা প্রাপ্তির ৭(সাত) দিনের মধ্যে ইজারা মূল্যের উপর অতিরিক্ত ১৫% (শতকরা পনেরো ভাগ) অর্থ মূল্য সংযোজন কর (ভ্যাট) এবং অতিরিক্ত ১০% (শতকরা দশ ভাগ) অর্থ আয়কর অবশ্যই প্রদান করতে হবে।

০৫. দরদাতাকে দরপত্রের সাথে পাসপোর্ট আকারের দুই কপি ছবি, জাতীয় পরিচয় পত্র ও হাল সনের ট্রেড লাইসেন্স এর ফটোকপি জমা দিতে হবে।

০৬. ১৪৩২ সনের টোল রেইট অনুযায়ী টোল আদায় করতে হবে হবে।

০৭. হাসপাতাল রোডের উপর কোন কাঁচা বাজার বসতে পারবেনা। শুধুমাত্র নবাবগঞ্জ তহাবাজার ইজারার ক্ষেত্রে সংযুক্ত স্কেচ ম্যাপে উল্লেখিত জায়গাসমূহে ইজারাদার কাঁচা বাজার ব্যবসা পরিচালনা করতে পারবে। নবনির্মিত পুরাতন তহাবাজার পৌর মার্কেট ইজারার আওতামুক্ত থাকবে।

০৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা বিজ্ঞপ্তি সংশোধনসহ (যৌক্তিক কারনে) যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সহ যে কোন দরদাতার দর বহাল রেখে পূনঃদরপত্র আহ্বানের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৪/২০২৫
(উজ্জ্বল কুমার ঘোষ)
প্রশাসক
চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা

স্মারক নং- চাঁঃনঃপৌঃ/প্রশাঃবিঃ/২০২৫-১৮৫(২) তারিখ ঃ ২১/০৪/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১.সচিব মহোদয়, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০২.বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, ঢাকা।

২১/০৪/২০২৫
(মোঃ মামুন-অর-রশীদ)
পৌর নির্বাহী কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।

স্মারক নং- চাঁঃনঃপৌঃ/প্রশাঃবিঃ/২০২৫- ১৮৫(২)/১(২৫) তারিখ ঃ ২১/০৪/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

০১. প্রশাসক ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... পৌরসভা।
০২ .... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...... সদস্য, প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদানের জন্য গঠিত কমিটি,চাঁঃনঃপৌরঃ।
০৩. পৌর নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।
০৪. নির্বাহী প্রকৌশলী, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।
০৫. হিসাব রক্ষণ কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।
০৬. মেডিকেল অফিসার, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।

২১/০৪/২০২৫
(মোঃ মামুন-অর-রশীদ)
পৌর নির্বাহী কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।

স্মারক নং- চাঁঃনঃপৌঃ/প্রশাঃবিঃ/২০২৫-১৮৫(২)/১(২৫)/২(৪৫) তারিখ ঃ ২১/০৪/২০২৫ ইং।

অনুলিপি সদয় অবগতি ও ব্যাপক প্রচারের নিমিত্তে অনুরোধ সহকারে প্রেরণ করা হলো ঃ

০১. জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০২.পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৩.সিভিল সার্জন, চাঁপাইনবাবগঞ্জ।
০৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চাঁপাইনবাবগঞ্জ।
০৫.উপ-পরিচালক, স্থানীয় সরকার, চাঁপাইনবাবগঞ্জ।
০৬.উপজেলা নির্বাহী অফিসার, চাঁপাইনবাবগঞ্জ সদর/শিবগঞ্জ/ গোমস্তাপুর/ ভোলাহাট/নাচোল উপজেলা।
০৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/বিএমডিএ/গণপূর্ত অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
০৮. অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, চাঁপাইনবাবগঞ্জ।
০৯. জেলা রেজিস্টার, চাঁপাইনবাবগঞ্জ।
১০. পোস্ট মাস্টার, প্রধান ডাকঘর, চাঁপাইনবাবগঞ্জ।
১১. ইজারাদার/ মেসার্স ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ...।
১২. মোঃ মোস্তাফিজুর রহমান মধু, মাইক অপারেটর, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা। তাকে পৌর এলাকায় পরপর ৩(তিন) দিন ০৯/০২/২০২৪ ইং তারিখের পূর্বেই মাইকযোগে দরপত্র বিজ্ঞপ্তি প্রচারের ব্যবস্থা নেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।
১৩. সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার ... ... ... ... ... ... ... ... ... ... ... ... ... .বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় ২১/০৪/২০২৫ খ্রিঃ তারিখে (৩×৮)" কলামে ১দিন ছাপার জন্য অনুরোধ করা হলো।
১৪.নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।
১৫. অফিস নথি।

২১/০৪/২০২৫
(মোঃ মামুন-অর-রশীদ)
পৌর নির্বাহী কর্মকর্তা
চাঁপাইনবাবগঞ্জ পৌরসভা।